**বাংলাদেশ কৃষি ব্যাংক**
ট্রেজারী ম্যানেজমেন্ট বিভাগ
প্রধান কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০

টেলিফোন নং ঃ ৪৭১১৭০৬১
ফ্যাক্স নং ঃ ৪৭১১৭০৬১
E.mail:dgmtreasury@krishibank.org.bd


টিএমডি-২(০৬)/২০১৮-১৯/৮৭৮ তারিখ: ০৩.০৩.২০১৯

মহাব্যবস্থাপক
সকল বিভাগীয় কার্যালয় /স্থানীয় মুখ্য কার্যালয়।
এবং
উপ-মহাব্যবস্থাপক , সকল কর্পোরেট শাখা
সকল মুখ্য আঞ্চলিক / আঞ্চলিক ব্যবস্থাপক
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক / আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়: মার্কিন যুক্তরাষ্ট্র সরকার কর্তৃক প্রনীত Foreign Account Tax Compliance Act(FATCA)2010 পরিপালন প্রসংগে।

প্রিয় মহোদয়,

শিরোনামোক্ত বিষয় সম্পর্কিত অত্র বিভাগের পত্র নং:৪৯৪(১২৫০) তারিখ:০৬.০৫.২০১৫ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষন করা হলো।

০২। সকলের সদয় অবগতির জন্য পুনরায় জানানো যাচ্ছে যে, যুক্তরাষ্ট্র কর্তৃক উক্তদেশের করদাতাদের কর ফাঁকি রোধকল্পে Foreign Account Tax Compliance Act (FATCA) 2010 শিরোনামে একটি আইন প্রনয়ন করা হয়েছে। উক্ত আইন অনুযায়ী US Person/US Tax Payer এর নামে অত্র ব্যাংকে পরিচালিত কোন ব্যক্তি হিসাবে বাৎসরিক ইউএস ডলার ৫০,০০০ ও তদুর্ধ বা সমপরিমান টাকা এবং US Entity or Foreign Entity (Client in Bangladesh Hold a substantial Ownership Interest 10% or more ) - র নামে পরিচালিত কোন প্রতিষ্ঠানের হিসাবে ২,৫০,০০০ ইউএস ডলার ও তদুর্ধ বা সমপরিমান টাকা লেনদেন বা স্থিতি থাকলে এর তথ্যাদি যুক্তরাষ্ট্রের Internal Revenue Service (IRS) বরাবরে রিপোর্ট করার বাধ্যবাধকতা রয়েছে। অন্যথায় অত্র ব্যাংকের যুক্তরাষ্ট্রে অর্জিত যে কোন আয় হতে কর হিসাবে অতিরিক্ত ৩০% আয়কর কর্তন করা হবে। এতোদ্দেশ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত BRPD Circular Letter No:01 Date:16.01.2014 এর নির্দেশনা অনুযায়ী বৈদেশিক বানিজ্য সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে বাংলাদেশ কৃষি ব্যাংক ইতোমধ্যে যুক্তরাষ্ট্রের Internal Revenue Service (IRS) এর সাথে Participation Agreement হিসাবে Registration সম্পন্ন করেছে। উক্ত সার্কুলার অনুযায়ী **অত্র ব্যাংকের সাথে পরিচালিত সংশ্লিষ্ট হিসাবধারীকে পৃথক পৃথক পত্র প্রদানের মাধ্যমে হিসাবধারী US Tax Payer কিনা সে বিষয়ে তার স্বীকারোক্তিমূলক ঘোষনাসহ হিসাব সংক্রান্ত তথ্য যুক্তরাষ্ট্রের Internal Revenue Service বরাবরে রিপোর্ট করার বিষয়ে তার (হিসাবধারীর) অনাপত্তি পত্র গ্রহন করার জন্য সকল শাখা ব্যবস্থাপক, কর্পোরেট শাখা সমূহের উপ-মহাব্যবস্থাপক এবং স্থানীয় মুখ্য কার্যালয়ের মহাব্যবস্থাপক মহোদয়কে অনুরোধ করা হলো।** এতদসংক্রান্ত বিষয়ে বিস্তারিত তথ্য www.irs.gov ওয়েবসাইটে পাওয়া যাবে।

০৩। নিম্নবর্নিত মানদন্ডের ভিত্তিতে US Person এবং US Entity or Foreign Entity সনাক্ত করা যাবে:

1. US Citizen or Resident,
2. US Green Card holder,
3. US address associated with the account holder,
4. US place of birth,
5. US "in care of" or "hold mail" or "PO box address",
6. US Telephone Number,
7. Power of Attorney granted to a person with US address,
8. Standing instruction to transfer to an account maintained in the USA,
9. US Entity or Foreign Entity means Clients in Bangladesh with 10% or more US Ownership,
10. As US Person receive payments source from USA (Interest, Dividend, Rent, Salaries or other Annual Periodical Income).

উপরোক্তমতে সনাক্তকৃত **US Person or US Entity কে IRS প্রদত্ত W-8BEN/ W-9 Form (সংযুক্ত) পূরন করতে হবে। কোন US Person or US Entity যদি Identification সংক্রান্ত W-8BEN/ W-9 Form এর মাধ্যমে তথ্য সরবরাহে অস্বীকৃতি প্রকাশ করে সে ক্ষেত্রে অত্র ব্যাংকের সাথে উক্ত গ্রাহকের হিসাব বন্ধ করতে হবে।**

**এতদপ্রেক্ষিতে শাখাসমূহের করনীয়:**

১. US Person Identification নিশ্চিত হওয়ার জন্য US Person Information সংক্রান্ত গ্রাহক বরাবরে Annexure-1 অনুযায়ী পত্র প্রেরন করতে হবে।

২. US Person এর জন্য চলমান KYC এর অতিরিক্ত আরো একটি KYC Form বিদ্যমান গ্রাহকদেরসহ নতুনভাবে খোলা হিসাবধারীদের জন্য Anexure-2 অনুযায়ী সংগ্রহপুর্বক তা Account Opening Form এর সাথে সংরক্ষন করতে হবে।

৩. উক্ত KYC Form নাবালক হিসাবের ক্ষেত্রে অভিভাবক এবং ইউএস ম্যান্ডেটধারী ও যৌথ হিসাবধারীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রত্যেকের জন্য আলাদাভাবে গ্রহন করতে হবে।

০৪। উপরোক্ত বর্ননানুযায়ী বিদ্যমান গ্রাহকদের মধ্যে US Person এবং US Entity or Foreign Entity হিসাবে কোন গ্রাহকের Identification নিশ্চিত হয়ে থাকলে সংযুক্ত **ছক-"ক"** মোতাবেক জানুয়ারী-ডিসেম্বর/২০১৮ ভিত্তিক বিবরনী শাখাসমূহকে (এডি শাখা সমুহ ব্যতীত) মুখ্য আঞ্চলিক / আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে এবং এলপিও/সকল কর্পোরেট ও এডি শাখা সমূহকে সরাসরি **আগামী ২০.০৩.২০১৯ তারিখের মধ্যে অত্র বিভাগের ইমেইল dgmtreasury@krishibank.org.bd** ঠিকানায় প্রেরন করার জন্য অনুরোধ করা হলো। **প্রসংগত কোন তথ্য না থাকলে শুন্য বিবরনী প্রেরন করতে হবে।**

০৫। শাখা সমূহের নিকট হতে উল্লেখিত বিবরনী সংগ্রহপূর্বক নির্ধারিত সময়ে অত্র বিভাগে প্রেরন নিশ্চিত করার জন্য মুখ্য আঞ্চলিক / আঞ্চলিক ব্যবস্থাপকগনকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ননামতে ০৪ (চার পাতা) মাত্র ।

আপনার বিশ্বস্ত,

03.03.19

(গোলাম মোঃ আরিফ)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)

টিএমডি-২(০৬)/২০১৮-২০১৯/৮৭৮ তারিখ: ০৩.০৩.২০১৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরন করা হলো:

১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয় বিকেবি, প্রধান কার্যালয় ঢাকা।
২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয় ঢাকা।
৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি প্রকা, ঢাকা
৪। অধ্যক্ষ (মহাব্যবস্থাপক) বিকেবি ষ্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
৫। সচিব, পর্ষদ সচিবালয়/সকল উপ-মহাব্যবস্থাপক, বিকেবি প্রকা ঢাকা/ সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক। **(পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য আইসিটি অপারেশন বিভাগকে অনুরোধ করা হলো।)**
৬। সকল আঞ্চলিক নিরীক্ষা কমকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৭। নথি/মহানথি

০৩.০৩.১৯
(মোঃ আল মামুন)
উর্ধতন মুখ্য কর্মকর্তা